

ত্রিপুরা সরকার
তথ্য ও সংস্কৃতি অধিকার

স-৩৩৫০

মোহনপুর, ১৩ অক্টোবর, ২০২৩

লেখুছড়ায় ৩৩ কেভি সাবস্টেশনের উদ্বোধন

বিদ্যুৎ পরিকাঠামোর উন্নয়নে সরকার বিভিন্ন পদক্ষেপ নিয়েছে : বিদ্যুৎমন্ত্রী

রাজ্যের সার্বিক উন্নয়নে কৃষি ও শিল্পের বিকাশে সরকার অগ্রাধিকার দিয়েছে। বিদ্যুৎ ছাড়া এই দুটি ক্ষেত্রের উন্নয়ন সম্ভব নয়। তাই রাজ্যের বিদ্যুৎ পরিকাঠামোর উন্নয়নে সরকার বিভিন্ন পদক্ষেপ নিয়েছে। আজ লেখুছড়া শপিং কমপ্লেক্স প্রাঙ্গণে ৩৩ কেভি লেখুছড়া সাবস্টেশন ও দ্বিতল কন্ট্রোল রুমের উদ্বোধন করে বিদ্যুৎমন্ত্রী রতনলাল নাথ একথা বলেন। এই বিদ্যুৎ সাবস্টেশনটি নির্মাণে ব্যয় হয়েছে ৬ কোটি ১৬ লক্ষ টাকা। সাবস্টেশনটি নির্মাণ করায় কামালঘাট, যুবতারা, লেখুছড়া, কালাপানিয়া, নেপালীটিলা, আইসিএআর, কৃষি মহাবিদ্যালয়, ভগবান চৌধুরী ও আশাপাশ এলাকার জনগণ উপকৃত হবেন। এই সমস্ত এলাকার ৪ হাজারের বেশি পরিবার উপকৃত হবেন।

সাবস্টেশনটির উদ্বোধন করে বিদ্যুৎমন্ত্রী বলেন, ২০১৮ সালের আগে রাজ্যে ৩৩ কেভি সাবস্টেশন ছিল ৩৮টি। গত ৫ বছরে আরও ২৩টি সাবস্টেশন নির্মাণ করা হয়েছে। আরও ২৮টি সাবস্টেশন নির্মাণ করা হবে। সাবস্টেশনগুলি নির্মাণ করা হলে রাজ্যে বিদ্যুৎ পরিষেবার মান আরও উন্নত হবে। বিদ্যুৎমন্ত্রী বলেন, ২০৩০ সালের মধ্যে রাজ্যে সৌরশক্তির সাহায্যে ৫০০ মেগাওয়াট বিদ্যুৎ উৎপাদনের লক্ষ্যমাত্রা নেওয়া হয়েছে। আগামীদিনে ভূগর্ভস্থ প্রাকৃতিক গ্যাস ও কয়লার যোগান শেষ হয়ে গেলে সৌরশক্তিকে কাজে লাগানোর জন্যই সারা দেশে এই উদ্যোগ নেওয়া হয়েছে।

অনুষ্ঠানে স্বাগত বক্তব্য রাখেন ত্রিপুরা পাওয়ার ট্রান্সমিশন লিমিটেডের জিএম রঞ্জন দেববর্মা। অনুষ্ঠানে উপস্থিত ছিলেন প্রাক্তন বিধায়ক কৃষ্ণধন দাস, বামুটিয়া পঞ্চায়েত সমিতির চেয়ারম্যান শীলা দাস সেন, ভাইস চেয়ারম্যান পূজা মালাকার, লেখুছড়া বিএসির চেয়ারম্যান রণবীর দেববর্মা, বিদ্যুৎ দপ্তরের সচিব অভিষেক সিং, টিএসইসিএল-এর ম্যানেজিং ডিরেক্টর দেবাশিস সরকার, সমাজসেবী বিজু পাল প্রমুখ।
